# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৭০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৭১]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৬২: কাতারের পেছনে একাকী সালাত আদায়কারী

المنفرد خلف الصف

---

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قال: حَدَّثَنَا نُوحٌ يَعْنِي ابْنَ قَيْسٍ، عَنِ ابْنِ مَالِكٍ وَهُوَ عَمْرٌو، عَنْ أَبِي الْجَوْزَاءِ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قال: كَانَتِ امْرَأَةٌ تُصَلِّي خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَسْنَاءُ مِنْ أَحْسَنِ النَّاسِ قَالَ: فَكَانَ بَعْضُ الْقَوْمِ يَتَقَدَّمُ فِي الصَّفِّ الْأَوَّلِ لِئَلَّا يَرَاهَا وَيَسْتَأْخِرُ بَعْضُهُمْ حَتَّى يَكُونَ فِي الصَّفِّ الْمُؤَخَّرِ فَإِذَا رَكَعَ نَظَرَ مِنْ تَحْتِ إِبْطِهِ فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَقْدِمِينَ مِنْكُمْ وَلَقَدْ عَلِمْنَا الْمُسْتَأْخِرِينَ .

تخريج دارالدعوه: سنن الترمذى/تفسير سورة الحجر ١٥ (٣١٢٢)، سنن ابن ماجه/إقامة ٦٨ (١٠٤٦)، (تحفة الأشراف: ٥٣٦٤)، مسند احمد ١/٣٠٥ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 871 - صحيح

বাংলা

৮৭০. কুতায়বাহ (রহ.) ..... ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, অতি সুন্দরী এক নারী রাসূলুল্লাহ (সা.) -এর পেছনে সালাত আদায় করতেন। তিনি বলেন, তখন গোত্রের মধ্য থেকে কেউ কেউ প্রথম কাতারে এগিয়ে যেত, যেন তাকে দেখতে না পায়। আর তাদের কেউ কেউ পেছনে থেকে যেত। যখন রুকূ করত তখন তারা বগলের নীচে থেকে তার দিকে তাকাত। তখন আল্লাহ তা'আলা অবতীর্ণ করলেন “তোমাদের মাঝে যারা আগে অগ্রসর হয়ে গেছে তাদেরকেও আমি জানি আর যারা পেছনে রয়ে গেছে। তাদেরকেও জানি"- (সূরাহ আল হিজর ১৫: ২৪)।

## English

62. A Person Praying Alone Behind The Row

It was narrated that Ibn Abbas said: There was a woman who used to pray behind the Messenger of Allah (ﷺ) who was beautiful, one of the most beautiful of people. Some of the people used to go to the front row to avoid seeing her, and some used to go to the back row so that when they bowed they could see her from beneath their armpits. Then Allah revealed the words: 'To Us are known those of you who hasten forward and those who lag behind.

## ফুটনোট

সহীহ: তিরমিযী ৩১২২, ইবনু মাজাহ ১০৪৬, মুসনাদে আহমাদ ২৭৮৪, সহীহ: ইবনু খুযায়মাহ ১৬৯৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87244

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন